

INTERNATIONAL CONFERENCE ON RECENT ADVANCE IN CHEMISTRY-2020  
(ICRAC-2020)-এর উপদেষ্টা বোর্ডের সভা অনুষ্ঠিত



২৭ জুলাই-২০১৯, শনিবার, সকাল:১১টায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগ কর্তৃক অনুষ্ঠিতব্য International Conference on Recent Advance in Chemistry-2020 (ICRAC-২০২০) এর উপদেষ্টা বোর্ডের সভা উপাচার্য মহোদয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

রসায়ন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোহাম্মদ সৈয়দ আলম এর সভাপতিত্বে সভায় উপস্থিত ছিলেন দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের স্বনামধন্য অধ্যাপকগণ, ইউজিসির সাবেক ভারপ্রাপ্ত চেয়ারম্যান অধ্যাপক ড. মোহাম্মদ ইউসুফ আলী মোল্লা, ইউজিসির সাবেক সদস্য অধ্যাপক ড. মুহিবুর রহমান, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক ড. শরীফ এনামুল কবির, ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. তোফায়েল আহমেদ চৌধুরী, অধ্যাপক ড. আলতাফ হোসেন, অধ্যাপক



ড. আবুল হাসেম, অধ্যাপক ড. সৈয়দ সামছুল আলম, অধ্যাপক ড. মনিরউদ্দীন ও অধ্যাপক ড. আবু বিন হাসান সুসান। সভা সঞ্চালনায় ছিলেন কনফারেন্স-এর সেক্রেটারী অধ্যাপক ড. মোঃ আমিনুল হক। উক্ত সভায় বিভাগীয় অন্যান্য শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন। উল্লেখ্য, সভায় কনফারেন্স আয়োজনের প্রস্তুতির বিভিন্ন দিক নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।